



ইসলামাবাদ আলোচনায় ব্যর্থতা যুক্তরাষ্ট্রের কারণেই হয়েছে : আব্বাস আরাগচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। ছবি : সংগৃহীত

ইসলামাবাদে যুক্তরাষ্ট্রের সঙ্গে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের শান্তি আলোচনা শেষ পর্যন্ত চুক্তিতে পৌঁছানো সম্ভব হয়নি বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। তার ভাষায়, চূড়ান্ত পর্যায়ে এসে আলোচনা ভেঙে যাওয়ার পেছনে মূল ভূমিকা রেখেছে যুক্তরাষ্ট্রের অনমনীয় অবস্থান, বারবার অবস্থান বদল এবং অতিরিক্ত চাপ প্রয়োগের প্রবণতা।

তিনি বলেন, যুদ্ধ পরিস্থিতি থামানোর লক্ষ্য নিয়েই ইরান আন্তরিকভাবে আলোচনায় অংশ নিয়েছিল। কিন্তু শেষ মুহূর্তে ওয়াশিংটনের কঠোর মনোভাব পুরো প্রক্রিয়াকে ব্যর্থ করে দেয়। সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ দেওয়া এক বার্তায় আরাগচি উল্লেখ করেন, গত প্রায় পাঁচ দশকের মধ্যে এটিই ছিল সর্বোচ্চ পর্যায়ের আলোচনা, যেখানে একটি সমঝোতার খুব কাছাকাছি পৌঁছানো গিয়েছিল। তবে শেষ পর্যন্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের আগ মুহূর্তেই অগ্রগতি থেমে যায়।

তিনি আরও বলেন, অভিজ্ঞতা থেকে শিক্ষা নেওয়া হয়নি। তার মতে, সদিচ্ছার জবাব সদিচ্ছা হওয়া উচিত, আর বিরোধিতার ফলও সেই অনুযায়ীই আসে।